
ভাটিকানে এক সপ্তাহের মধ্যে পরিবর্তন আসবে না (বিবিসি ও সিএনএন সংবাদ, ১৯ মার্চ, ২০১৩)। পোপ ফ্রান্সিসের মধ্যে আমরা অপর খ্রীষ্টকে দেখতে পাই। পোপ ফ্রান্সিস খ্রীষ্টের সেবার আদর্শে মণ্ডলী গড়ার রূপকার। পোপ দীর্ঘজীবি হোন।



## মনের প্রিয় কথা-

**১. পোপ ফ্রান্সিস - প্রথম পোপ**

- লাতিন আমেরিকা থেকে
- যীশু সংঘ থেকে
- ফ্রান্সিস নাম নিয়েছেন

**২. যেভাবে তিনি সর্বাধিকভাবে পরিচিত**

- শহরের মধ্যে চলাচলের ক্ষেত্রে বছরের পর বছর ধরে তিনি ব্যবহার করেছেন গণপরিবহন
- থাকতেন উপশহর এলাকার একটি সাদামাটা বাড়িতে
- নিজে রান্না করে খেতেন
- মা মারীয়ার প্রতি গভীর ভক্তি প্রদর্শন করেন
- গরীবের বাড়ি পরিদর্শন করেন
- অনেক আধ্যাত্মিক মানুষ
- সাদামাটা জীবনে অভ্যস্ত
- ফুটবল ও টানগস খেলা ভালবাসেন
- যীশু শিষ্যদের পা ধুয়ে দিয়েছিলেন আর তিনি কেবল পুরুষদের নয়, নারীদেরও পা ধুয়ে দিয়েছিলেন (দি হেরাল্ড, সংখ্যা ১১ ও ১২, মার্চ, কোলকাতা, ২০১৩)।

**লেখক : ফাদার জেরী রেমন্ড গমেজ, এসজে**